গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট
www.dakshinsurma.sylhet.gov.bd

SYLHET

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১৩১.০০০.০০২.০১৩.১৯-১০৪

তারিখ: ০৯ সেপ্টেম্বর, ২০২৫

বিষয়: উপজেলা পরিষদের মাসিক সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদের সেপ্টেম্বর ২০২৫ মাসের মাসিক সভা নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী দক্ষিণ সুরমা উপজেলা পরিষদ সভাকক্ষে অনুষ্ঠিত হবে।

| সভা | সভার প্রকৃতি | তারিখ | সময় | সভাপতি |
|---|---|---|---|---|
| উপজেলা পরিষদের সভা | মাসিক সভা | ১৫/০৯/২০২৫ | বেলা ১১:৩০ ঘটিকা | প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |

কমিটির সম্মানিত সদস্যগণকে সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০৯/০৯/২৫


ঊর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট
ফোন: ০১৯৯৬৬৪৬৯৯৩
Email: unosouthshurma@gmail.com


বিতরণ :- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
২. উপজেলা.................................... অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।
৩. সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট। (ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)।
৪. চেয়ারম্যান......................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
৫. জনাব/বেগম..................................................দক্ষিণ সুরমা, সিলেট।

সদয় জ্ঞাতার্থে
জেলা প্রশাসক, সিলেট।

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)

উপজেলা পরিষদ

দক্ষিণ সুরমা, সিলেট।

www.dakshinsurma.sylhet.gov.bd

সেপ্টেম্বর/২০২৫ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ১৫/০৯/২০২৫, সকাল ১২:০০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট "ক" |
| সভাপতি | : উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর আগস্ট/২০২৫ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১। **স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** আগস্ট/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

০২। **প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী , দক্ষিণ সুরমা, সিলেট জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। এডিপি ২০২৫-২৬ অর্থবছরের ১ম কিস্তির বরাদ্দ প্রদান করা হয়েছে, সে মোতাবেক এডিপি ০৪ (চার) কিস্তি ধরে ও এডিপি রাজস্ব উন্নয়ন খাতে প্রকল্প দাখিলের জন্য সংশ্লিষ্ট সবাইকে অনুরোধ জানান। উপজেলা প্রশাসনিক কমপ্লেক্স ভবনের ৩য় তলায় কলাপসেবল গেইট স্থাপন বাবদ=৬৩,৪০০/- টাকা ও প্রশাসকিন কমপ্লেক্স ভবনের সামনের অংশ ও বারান্দা রং করানো বাবদ=২৫,০০০/-প্রয়োজন মর্মে জানান।

সিদ্ধান্ত: (ক) উপজেলা প্রশাসনিক কমপ্লেক্স ভবনের ৩য় তলায় কলাপসেবল গেইট স্থাপন বাবদ=৬৩,৪০০/- (তেষট্টি হাজার চারশত টাকা) বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) প্রশাসকিন কমপ্লেক্স ভবনের সামনের অংশ ও বারান্দা রং করানো বাবদ=২৫,০০০/- (পঁচিশ হাজার টাকা মাত্র) বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) এডিপি ২০২৫-২৬ অর্থবছরে প্রাপ্ত বরাদ্দ ও এডিপি রাজস্ব উন্নয়ন খাতে বিধি মোতাবেক প্রকল্প দাখিলের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

০৩। **প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আগামী ১২/১০/২০২৫ তারিখ হতে ১৮ দিন ০৯ মাস থেকে ১৫ বছরের কম বয়সি বাচ্চাদের টাইফয়েড এর টিকা প্রদান করা হবে মর্মে জানান। টিকা গ্রহণের জন্য অনলাইনে রেজিস্ট্রেশন করা আবশ্যক বলে সভাকে অবহিত করেন। প্রথমে স্কুলে এবং পরবর্তীতে ০৮ টি কমিউনিটি ক্লিনিকে টিকা প্রদান করা হবে মর্মে জানান। সিভিসি পরীক্ষার রিএজেন্ট ক্রয়ের জন্য উপজেলা পরিষদ থেকে আর্থিক সাহায্য প্রয়োজন মর্মে জানান।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৬। **কৃষি বিভাগ :** উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। আকস্মিক বন্যার সম্ভাবনা রয়েছে মর্মে জানান। ইউনিয়নওয়ারী ৪২০ জনের মধ্যে ০৭ ধরনের সবজি বিতরণ করা হবে বলে সভাকে অবহিত করেন।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

০৮। **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তালিকাভুক্ত কোন মৎস্যজীবী মারা গেলে কিংবা বিদেশে গেলে মৎস্য দপ্তরকে অবহিত করার অনুরোধ জানান।

০৯। **<u>প্রাথমিক শিক্ষা বিভাগ</u> :** উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১০। **<u>মাধ্যমিক শিক্ষা বিভাগ:</u>** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১১। **<u>সমাজসেবা বিভাগ:</u>** উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। লাইভ ভেরিফিকেশন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

১২। **<u>সমবায় বিভাগ:</u>** উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৩। **<u>মহিলা বিষয়ক বিভাগ</u> :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৪। **<u>জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ</u>** : সহকারী প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

১৫। **<u>পল্লী উন্নয়ন বিভাগ</u> : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,** দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৬। **<u>যুব উন্নয়ন বিভাগ</u> :** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৭। **<u>পরিবেশ ও বন বিভাগ</u> :** ডেপুটি রেঞ্জ অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট সভায় উপস্থিত না থাকায় এ বিভাগ সম্পর্কে অবহিত হওয়া যায় নি।

১৮। <u>তথ্য কেন্দ্র :</u> তথ্যসেবা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

১৯। **<u>বিবিধ ১:</u>** ইউডিএর, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান, উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করা প্রয়োজন। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা সিলেট সভায় উপজেলা পরিষদের প্রিন্টার ও ফটোকপির মেশিন মেরামত এবং টোনার ক্রয় বাবদ ২৪,৬০০/- টাকা ও উপজেলা পরিষদের ২০৭ নং কক্ষের বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ও ২১০ নং কক্ষের ওয়াসরুম মেরামত এবং তথ্যকেন্দ্রের ওয়াসরুম মেরামত বাবদ ১৮৫০০/- এবং উপজেলা পরিষদ কম্পিউটারের ০২ টি ওয়াইফাই রিসিভার ক্রয় বাবদ ২৯০০/- টাকার দাখিলকৃত বিল অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট সভায় জানান জনাব ফরিদ মিয়া, পিতা-মোঃ জমশেদ আলী, গ্রাম-পূর্বভাগ, নৈখাই, দক্ষিণ সুরমা, সিলেট বিগত ০৭/০৯/২০২৫ তারিখে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন। তাঁর আর্থিক অবস্থা বিবেচনায় লাশ দাফন বাবদ=২০,০০০/- নগদ আর্থিক অনুদান প্রদানের জন্য মিজ মোছাঃ আঙ্গুরা বেগম, স্বামী-মৃত ফরিদ উদ্দিন আহমদ, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক আবেদন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

**<u>সিদ্ধান্ত</u> :** (ক) উপজেলা পরিষদের প্রিন্টার ও ফটোকপির মেশিন মেরামত এবং টোনার ক্রয় বাবদ ২৪,৬০০/- (চব্বিশ হাজার ছয়শত) টাকা মাত্র বিল অফিস সরঞ্জামাদি রক্ষণাবেক্ষণ/মেরামত খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা পরিষদের ২০৭ নং কক্ষের বৈদ্যুতিক সরঞ্জামাদি ক্রয় ও ২১০ নং কক্ষের ওয়াসরুম মেরামত এবং তথ্যকেন্দ্রের ওয়াসরুম মেরামত বাবদ ১৮৫০০/- (আঠারো হাজার পাঁচশত) টাকা মাত্র বিল উপজেলা পরিষদের বাসাবাড়ি, মেরামত/সংরক্ষণ/রংকরণ খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) উপজেলা পরিষদ কম্পিউটারের ০২ টি ওয়াইফাই রিসিভার ক্রয় বাবদ ২৯০০/- (দুই হাজার নয়শত) টাকা মাত্র বিল অফিস সরঞ্জাম ক্রয় খাত হতে ব্যয় পরিশোধের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সভা করে সভার কার্যবিবরণী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।
(ঙ) জানান জনাব ফরিদ মিয়া, পিতা-মোঃ জমশেদ আলী, গ্রাম-পূর্বভাগ, নৈখাই, দক্ষিণ সুরমা, সিলেট বিগত ০৭/০৯/২০২৫ তারিখে সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করার তাঁর স্ত্রী মিজ মোছাঃ আঙ্গুরা বেগম, স্বামী-মৃত ফরিদ উদ্দিন আহমদ, দক্ষিণ সুরমা, সিলেট কর্তৃক দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে লাশ দাফন বাবদ=২০,০০০/- (বিশ হাজার টাকা মাত্র) নগদ আর্থিক অনুদান প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>বাস্তবায়নে</u>:** প্রশাসক, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/সংশ্লিষ্ট (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**<u>সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য</u> :** উর্মি রায়, প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য ইউ/পি চেয়ারম্যানগণ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

উর্মি রায়
প্রশাসক
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

স্মারক নং- ০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২৪-৯২৩

তারিখঃ ১৫ সেপ্টেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৪। জেলা প্রশাসক, সিলেট।
৫। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৬। নির্বাহী প্রকৌশলী ..........................................................................................সিলেট।
৭। উপ-পরিচালক ..........................................................................................সিলেট।
৮। উপজেলা ..........................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
৯। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১০। চেয়ারম্যান ...............................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১১। জনাব/বেগম.................................... সদস্য............................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

উর্মি রায়
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট 'ক' সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা: স্বাক্ষরের ক্রমানুসারে</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ০১। প্রশাসক, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। | ০১। প্রশাসক, ৬নং লালাবাজার ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০২। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | ০২। চেয়ারম্যান, ৮নং মোগলাবাজার ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৩। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৪। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৫। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৬। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৭। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| **উপস্থিত কর্মকর্তা:** | **অনুপস্থিত কর্মকর্তা:** |
| ০১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ০১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০২। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট | ০২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৩। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | ০৩। কন্ট্রোলার, দক্ষিণ সুরমা, সিলেট |
| ০৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৬। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৭। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৮। উপজেলা মৎস্য কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ০৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১০। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১২। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৩। উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৪। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৫। তথ্যসেবা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৬। ইউডিএফ, ইউজিডিপি, দক্ষিণ সুরমা, সিলেট | |
| ১৭। উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |